



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫।

এইচএসসি প্রোগ্রাম: ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ
নতুন সময়সূচি অনুযায়ী পুনঃ
ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ওপেন স্কুল পরিচালিত হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচএসসি) প্রোগ্রামে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, সেশনজট, ব্যাচ ও পরীক্ষার সাল জটিলতার কারণে বাউবির শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে সমস্যার সম্মুখীন হচ্ছিলেন। শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার পথ সুগম করতে ভর্তির সময়সূচি, ব্যাচ ও শিক্ষাবর্ষ সমন্বয় করা হয়েছে। এ কারণে পূর্বে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির আওতায় ২০১৫-১৬ শিক্ষাবর্ষে (ব্যাচ-২০১৬) ভর্তিকৃত শিক্ষার্থীরা ২০১৭-১৮ শিক্ষাবর্ষের (ব্যাচ ২০১৭) শিক্ষার্থী হিসেবে গণ্য হবেন এবং নতুন সময়সূচি অনুযায়ী তাদের ক্লাশ ও পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোনো আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে ২৫ নভেম্বর, ২০১৬ তারিখ হতে ব্যাংক রসিদ সংগ্রহ করে বাউবির নির্ধারিত সোনালী ব্যাংক শাখায় (আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার হতে জেনে নিতে হবে) ১০০/- (একশত) টাকা জমা দিয়ে ১৫ জুন, ২০১৭ তারিখের মধ্যে ভর্তি ফরম সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে সংগ্রহ, জমা দেওয়া ও ভর্তি হওয়া যাবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির জন্য বাউবি নির্ধারিত ফি সোনালী ব্যাংক জমা দিয়ে ভর্তির সকল কার্যক্রম ১৫ জুন, ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রয়োজনে ভর্তিচ্ছু প্রার্থীগণ ইন্টারনেট থেকে (<http://www.bou.edu.bd>) ভর্তি ফরম ডাউনলোড করে কিংবা ভর্তি ফরমের ফটোকপি ব্যবহার করতে পারবেন। এক্ষেত্রে ফরম জমা দেয়ার সময় ১০০/-টাকার ব্যাংক রসিদ সংযুক্ত করতে হবে।

বাউবির উপ-আঞ্চলিক কেন্দ্র অথবা নিম্নলিখিত আঞ্চলিক কেন্দ্র হতে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এইচএসসি প্রোগ্রামে ভর্তির জন্য নির্ধারিত স্টাডি সেন্টারের নাম ও ঠিকানা জানা যাবে।

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা

আঞ্চলিক কেন্দ্র-ঢাকা, ৪/ক গভঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা -১২০৫। ফোন- ৯৬৭৩৬৬৯	আঞ্চলিক কেন্দ্র-বগুড়া, বিশ্বরোড, বনালী, বগুড়া-৫৮০০। ফোন-০৫১/৬২৭৯৪
আঞ্চলিক কেন্দ্র-চট্টগ্রাম, সি.আর.বি রোড, স্টেডিয়াম সংলগ্ন, চট্টগ্রাম। ফোন-০৩১/৬১৯৬৩৩	আঞ্চলিক কেন্দ্র-যশোর, উপ-শহর, যশোর। ফোন-০৪২১/৬৮৫২৬
আঞ্চলিক কেন্দ্র-সিলেট, পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট। ফোন-০৮২১/৭১৯৫২৩	আঞ্চলিক কেন্দ্র-রাজশাহী, নওহাটা, পবা, রাজশাহী। ফোন-০৭২১/৮০০০০৮
আঞ্চলিক কেন্দ্র-বরিশাল, হাটজিং এস্টেট, রূপাতলী, বরিশাল। ফোন-০৪৩১/২১৭৬২৮২	আঞ্চলিক কেন্দ্র-ময়মনসিংহ, মাসকান্দা, ময়মনসিংহ। ফোন-০৯১/৬৫২৯৮
আঞ্চলিক কেন্দ্র-কুমিল্লা, নোয়াপাড়া, দুর্গাপুর, কুমিল্লা। ফোন-০৮১/৭৭৫৫৭	আঞ্চলিক কেন্দ্র-রংপুর, আর.কে.রোড, রংপুর। ফোন-০৫২১/৬৩৫৯৩
আঞ্চলিক কেন্দ্র-ফরিদপুর, হাডোেকান্দি (বরিশাল রোড), ফরিদপুর। ফোন-০৬৩১/৭১৪৮২	আঞ্চলিক কেন্দ্র-খুলনা, রৌশনীবাগ, খুলনা-৯২০৮। ফোন-০৪১/৭৩১৭৯৫

- ☛ ভর্তির ন্যূনতম যোগ্যতা : এসএসসি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ☛ ভর্তি ফরম সংগ্রহ, জমাদান এবং ভর্তি : ২৫ নভেম্বর, ২০১৬ থেকে ১৫ জুন, ২০১৭ পর্যন্ত।
- ☛ টিউটোরিয়াল ক্লাশ শুরু : ০৭ জুলাই, ২০১৭।
- ☛ পরীক্ষা : মার্চ, ২০১৮।
- ☛ ভর্তি প্রক্রিয়া: একটি স্টাডি সেন্টারে ৪০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রার্থীকে তার নিজস্ব অথবা যার মাধ্যমে যোগাযোগ করা সম্ভব তার মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। বাউবি কর্তৃক নির্ধারিত সেকশনের ভিত্তিতে টিউটোরিয়াল ক্লাশ পরিচালিত হবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির সময় ব্যাংক টাকা জমাদান রসিদের "প্রথম কপি" (শিক্ষার্থী মারফত বাউবির জন্য), আবেদনপত্র জমা দেয়ার ভিত্তিতে (Counterfoil), প্রথম শ্রেণির কর্মকর্তা/সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ও কপি পাসপোর্ট আকারের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের (জন্ম তারিখ উল্লেখসহ) সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূল সনদপত্র সাথে আনতে হবে (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরত দেওয়া হবে)।
- ☛ ভর্তি ফি :
 - ☛ রেজিস্ট্রেশন ফি = ১৫০/- [৪র্থ বিষয়ের জন্য অতিরিক্ত কোর্স ফি
 - ☛ কোর্স ফি (প্রতি কোর্স ৫৬০ টাকা হারে ৬টির জন্য) = ৩,৩৬০/- ৫৬০/- টাকা এবং ব্যবহারিক কোর্স
 - ☛ একাডেমিক ক্যালেন্ডার ফি = ৫০/- (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতি অতিরিক্ত ১২৫/-
 - ☛ ডিজিটাল আইডি কার্ড ফি = ২০০/- টাকা জমা দিতে হবে।

মোট ভর্তি ফি = ৩,৭৬০/-

বিঃদ্র: ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ডাকযোগে ভর্তি সংক্রান্ত কোনো পত্র বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে না। কোনো অবস্থাতেই বর্ণিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করা যাবে না। যদি এমনটি ঘটে সেক্ষেত্রে ভর্তি বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় প্রার্থীকে সঠিক তথ্য দিতে হবে। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী, সিলেবাস, পরীক্ষার নিয়ম ইত্যাদি বাউবির একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।


(সার্বিনা হোসাইন)

ডীন, ওপেন স্কুল, বাউবি।

বিবিএস প্রোগ্রামে ভর্তি চলছে। বিস্তারিত তথ্যের জন্য
ডিজিট করুন (<http://www.bou.edu.bd>)